সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০০ তারিখ: ০৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে এবং ফ্রান্সের বাংলাদেশ দূতাবাস ও ঢাকাস্থ ফ্রান্স দূতাবাসের সহযোগিতায় ফ্রান্সের তুলুসে(Toulouse) 'Pullman Toulouse Centre Ramblas' হোটেলে 'The Rise of Bengal Tiger: Bangladesh-France Trade and Investment Summit- Toulouse 2023' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ফ্রান্সের তুলুসে(Toulouse) উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে ফ্রান্সের বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

ফ্রান্সের তুলুসে(Toulouse) স্থানীয় সময় সকাল ১০:০০টায় সামিটের অনুষ্ঠানটি শুরু হয়। উক্ত সামিট আয়োজনে স্বাগত বক্তব্য রাখেন ইউনোস্কোতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং ফ্রান্সে বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত জনাব খন্দকার এম তালহা। স্বাগত বক্তব্যের পর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের উপর অডিও-ভিজুয়াল প্রদর্শিত হয়।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন Toulouse Metropole এর ভাইস প্রেসিডেন্ট Mr. Jean-Claude DARDELET। এছাড়াও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া এবং ফ্রান্স-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের প্রেসিডেন্ট Mr. Pierre -Jean Malgouyres উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে 'Potentials of trade and investment in Bangladesh' শীর্ষক উপস্থাপনা প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে স্বাধীনতা লাভ এবং তার দেখানো সোনার বাংলার স্বপ্নের অনুসরণে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার মাত্র পঞ্চাশ বছরের পেরিয়ে বাংলাদেশের উন্নয়নের রোল মডেলে পরিণত হওয়ার অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে বঙ্গবন্ধু কন্যার ভূয়সী প্রশংসা করেন তিনি। তিনি বাংলাদেশ ও ফ্রান্সের দীর্ঘদিনের দ্বিপাক্ষিক সম্পর্ক, দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক এবং পারস্পারিক সহযোগিতার কথা তুলে ধরেন। তিনি ফরাসী প্রেসিডেন্টের সাম্প্রতিক বাংলাদেশ সফরের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের সাথে ফ্রান্সের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দিনে দিনে আরো জোরদার হচ্ছে বলে মন্তব্য করেন। তিনি ভূরাজনৈতিকভাবে দক্ষিণ

এশিয়ায় বাংলাদেশ কৌশলগত গুরুত্বপূর্ণ ও সুবিধাজনক অবস্থানের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের তারুণ্যে উজ্জীবিত মানবসম্পদের সুযোগ-সম্ভাবনার কথা উল্লেখ করেন। তিনি বৈশ্বিক সামষ্টিক ও অর্থনৈতিক নানা সূচকে যেমনঃ জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হার, দারিদ্র্য হ্রাস, শিশুমৃত্যু হ্রাস, খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা ইত্যাদি উল্লেখ করে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সম্ভাবনার নানা দিক তুলে ধরেন। তিনি প্রতিবেশি দেশগুলোর তুলনায় বাংলাদেশের পুঁজিবাজারের দৃঢ় ও সম্ভাবনাময় অবস্থানের চিত্র তুলে ধরেন এবং পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

উক্ত সামিট আয়োজনে 'Turning Bangladesh into an aviation hub - Perspective, connectivity, and tourism' শীর্ষক একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। সিভিল এভিয়েশন অথোরিটি অব বাংলাদেশ এর চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল জনাব এম মাফিদুর রহমান এর সঞ্চালনায় অনুষ্ঠিত উক্ত প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব মোকাম্মেল হোসেন, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর নির্বাহী চেয়ারম্যান মিজ নাসরীন আফরোজ, ফ্রান্সের সিভিল সিভিল এভিয়েশন অথোরিটি 'Directorate General for Civil Aviation' এর মধ্যপ্রাচ্য ও দক্ষিণ এশিয়ার মিশন প্রধান Mr. Karim Bekkouche এবং বিশ্বের বৃহত্তম বিমান প্রস্তুতকারক কোম্পানি Airbus এর ভাইস প্রেসিডেন্ট Mr. Juan Camilo Rodriguez।

উক্ত অনুষ্ঠানে ধন্যবাদ বক্তব্য রাখেন বাংলাদেশে অবস্থিত ফ্রান্স দূতাবাসের Economic Attache Mr. Julien Deur।

ফ্রান্সের তুলুসে(Toulouse) এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


AIRBUS
Airbus' Forecast on Aviation Industry of Bangladesh
Both the passenger market and air cargo market from Bangladesh will continue
near the top of the world for the next 20 years.
The passenger market will grow at 6% while the air cargo
at 8% per year, or triple the world average.
Bangladesh's GDP growth and increasing openness of
Air freight cargo traffic from Bangladesh is forecasted to continue
staggering rate for the next 20 years from 400,000 tonnes in 2019
tonnes by 2041.
AIRBUS


Airbus
Forecast
Aviatio
Industry
Banglad


SAVE THE DATE
Wednesday / October25 / 202




THE RISE OF BENGAL TIGER
The Rise of Bengal Tiger:
Bangladesh-France Trade and Investment Summit - Toulouse, 2023
Date & Time
Wednesday, October 25, 10:00 hrs to 12:45 hrs followed by panel discussions and lunch
Venue
Pullman Toulouse Centre Ramblas
THE RISE OF BENGAL TIGER


tion market perspective
-France Trade & Investment Summit
Toulouse 25th October 2023
Juan Camilo Rodriguez
Widebody Market Development Manager
Aviation market perspective